# রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং এ- ৮৭০-৪/২-১ (২০২০-২০২১) তারিখ: ২২/০২/২০২১

১। (ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.ru.ac.bd এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে প্রাথমিক আবেদন করতে হবে। **০৭-০৩-২০২১ (দুপুর ১২টা) থেকে ১৮-০৩-২০২১ তারিখ (রাত ১২টা) পর্যন্ত প্রাথমিক আবেদন করা যাবে।**

(খ) প্রাথমিক আবেদনকারীদের মধ্য থেকে এইচ.এস.সি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি ইউনিটে বিশেষ কোটাসহ সর্বোচ্চ ৪৫০০০ (পঁয়তাল্লিশ হাজার) আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। **চূড়ান্ত আবেদনের সময়সীমা: ২৩-০৩-২০২১ (দুপুর ১২টা) থেকে ৩১-০৩-২০২১ তারিখ (রাত ১২টা) পর্যন্ত।**

(গ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষার তারিখ যথাসময়ে প্রকাশিত হবে। তিন শিফ্‌টে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে : (১) সকাল ৯:৩০ থেকে সকাল ১০:৩০ মিনিট পর্যন্ত (২) দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত এবং (৩) বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত।

২। ভর্তির আবেদনের যোগ্যতা:

(I) **২০২০ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বিএফএ(প্রাক), বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় [এইচএসসি সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে ] উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে। সনাতন পদ্ধতিতে ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থী আবেদন করতে পারবে না। কেবল বিএফএ(প্রাক) ডিগ্রিপ্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফল এখনও সনাতন পদ্ধতিতে হওয়ায় তাদের আবেদন গ্রহণযোগ্য হবে, তবে তাদের মার্কশিট/সার্টিফিকেট থাকতে হবে।**

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পাশ করা শিক্ষার্থীরাও সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে পারবে তবে তাদের প্রাপ্ত জিপিএ ৫.০০ স্কেলে নির্ধারিত হবে।**

**(II)**

| |
|---|
| **মানবিক শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০০ পেতে হবে।** |
| **বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৭.৫০ পেতে হবে।** |
| **বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ মোট জিপিএ ৮.০০ পেতে হবে।** |
| **জিসিই O লেভেল পরীক্ষায় ৫টি বিষয়ে এবং A লেভেল পরীক্ষায় অন্ততঃ ২টি বিষয়ে উত্তীর্ণ হতে হবে এবং উভয় লেভেলে মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে B গ্রেড এবং ৩টি বিষয়ে কমপক্ষে C গ্রেড পেতে হবে। O লেভেল, A লেভেল এবং ইংলিশ ভার্সন (ন্যাশনাল কারিকুলাম) পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্ন প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজিতে অনুবাদ করা হবে। ইংরেজি প্রশ্নপত্রে পরীক্ষা দিতে ইচ্ছুক প্রার্থীকে তার Application ID ও মোবাইল নম্বর উল্লেখসহ ৩১-০৩-২০২১ তারিখের মধ্যে অবশ্যই ইমেইল (ru_admission@ru.ac.bd) -এর মাধ্যমে জানাতে হবে।** |

মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান শাখা হতে ২০২০ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা A, B ও C তিনটি ইউনিটেই যোগ্যতা অনুযায়ী আবেদন করতে পারবে। **আবেদনকারী যে ইউনিটে আবেদন করুক না কেন সে যে শাখা থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সেই শাখার জন্য নির্ধারিত যোগ্যতা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে।**

১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময় হবে ১ ঘন্টা । ভর্তি পরীক্ষায় প্রতিটি ইউনিটে ৮০টি প্রশ্ন থাকবে। পরীক্ষায় নেগেটিভ মার্কিং প্রযোজ্য হবে। ৫টি ভুলের জন্য ১ নম্বর কাটা যাবে। ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০। এছাড়া ইউনিট/ বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্ত প্রযোজ্য হবে। **অনলাইনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী বিশেষ কোটার প্রার্থীদের আবেদন করতে হবে।**

ইউনিট/ বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক আরোপিত শর্ত, অনলাইনে আবেদন পদ্ধতি, ভর্তি পরীক্ষার রুটিন ও প্রয়োজনীয় তথ্যাবলী যথাসময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট http://admission.ru.ac.bd এ প্রকাশিত হবে।

পরীক্ষার হলে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস যেমন- মোবাইল ফোন, ক্যালকুলেটর, হেডফোন, মেমোরিযুক্ত ঘড়ি ইত্যাদি সঙ্গে আনা যাবে না।

অঃ পৃঃ দ্রঃ

৩। **বিভিন্ন ইউনিটে প্রদেয় ফি:**

এক বা একাধিক ইউনিটে প্রাথমিক আবেদন ফি ৫৫ টাকা। যারা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে কেবলমাত্র তারাই নির্ধারিত ইউনিটের ফি জমা দিবে।

| ইউনিট | বিভাগসমূহ / ইনস্টিটিউট | অনলাইনে চূড়ান্ত আবেদন ফি (১০% সার্ভিস চার্জসহ) |
|---|---|---|
| **ইউনিট A (মানবিক):**<br>কলা অনুষদ;<br>আইন অনুষদ;<br>সামাজিক বিজ্ঞান অনুষদ;<br>চারুকলা অনুষদ এবং<br>শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট। | কলা অনুষদ :<br>(১) দর্শন (২) ইতিহাস (৩) ইংরেজি (৪) বাংলা (৫) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (৬) আরবী (৭) ইসলামিক স্টাডিজ (৮) নাট্যকলা (৯) সঙ্গীত (১০) ফারসি ভাষা ও সাহিত্য (১১) সংস্কৃত এবং (১২) উর্দূ বিভাগ।<br>আইন অনুষদ:<br>(১) আইন এবং (২) আইন ও ভূমি প্রশাসন বিভাগ<br>সামাজিক বিজ্ঞান অনুষদ:<br>(১) অর্থনীতি (২) রাষ্ট্রবিজ্ঞান (৩) সমাজকর্ম (৪) সমাজবিজ্ঞান, (৫) গণযোগাযোগ ও সাংবাদিকতা (৬) ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট (৭) লোক প্রশাসন (৮) নৃবিজ্ঞান (৯) ফোকলোর এবং (১০) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ।<br>চারুকলা অনুষদ:<br>(১) চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র (২) মৃৎশিল্প ও ভাস্কর্য এবং (৩) গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ।<br>**ইনস্টিটিউট:**<br>শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | **১০০০ +১০০ = ১১০০ টাকা** |
| **ইউনিট B (বাণিজ্য):**<br>বিজনেস স্টাডিজ অনুষদ<br>এবং<br>ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট | বিজনেস স্টাডিজ অনুষদ:<br>(১) হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা (২) ম্যানেজমেন্ট স্টাডিজ (৩) মার্কেটিং (৪) ফাইন্যান্স (৫) ব্যাংকিংও ইনস্যুরেন্স এবং (৬) ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ।<br>**ইনস্টিটিউট:**<br>ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট | **১০০০ +১০০ = ১১০০ টাকা** |
| **ইউনিট C (বিজ্ঞান):**<br>বিজ্ঞান অনুষদ;<br>জীববিজ্ঞান অনুষদ;<br>কৃষি অনুষদ;<br>প্রকৌশল অনুষদ;<br>ভূ-বিজ্ঞান অনুষদ;<br>ফিশারীজ অনুষদ এবং<br>ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ। | **বিজ্ঞান অনুষদ:**<br>(১) গণিত (২) পদার্থবিজ্ঞান (৩) রসায়ন (৪) পরিসংখ্যান (৫) প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান (৬) ফার্মেসী (৭) পপুলেশন সায়েন্স এন্ড হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট (৮) ফলিত গণিত এবং (৯) শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগ।<br>**জীববিজ্ঞান অনুষদ:**<br>(১) মনোবিজ্ঞান (২) উদ্ভিদবিজ্ঞান (৩) প্রাণিবিদ্যা (৪) জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (৫) চিকিৎসা মনোবিজ্ঞান এবং (৬) মাইক্রোবায়োলজি বিভাগ।<br>**কৃষি অনুষদ:**<br>(১) এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন এবং<br>(২) ক্রপ সায়েন্স এন্ড টেকনোলজি বিভাগ।<br>**প্রকৌশল অনুষদ:**<br>(১) ফলিত রসায়ন ও রসায়ন প্রকৌশল<br>(২) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(৩) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং<br>(৪) ম্যাটেরিয়াল্স সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এবং<br>(৫) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ।<br>**ভূ-বিজ্ঞান অনুষদ:**<br>(১) ভূগোল ও পরিবেশবিদ্যা এবং (২) ভূ-তত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ<br>**ফিশারীজ অনুষদ:**<br>ফিশারীজ বিভাগ<br>**ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ:**<br>ভেটেরিনারী এন্ড এনিমেল সায়েন্সেস বিভাগ | **১০০০ +১০০ = ১১০০ টাকা** |

**স্বাঃ/-**
(প্রফেসর মো. আবদুস সালাম)
রেজিস্ট্রার
রাজশাহী বিশ্ববিদ্যালয়